

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
যুব ভবন  
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।  
[www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd)

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৫.৪২.০৮৩.০৩-

তারিখ:-----খ্রিঃ

**বিষয়ঃ মরহম মোহাঃ জুলফিকার আলী, প্রাক্তন ক্যাশিয়ার-এর আনুতোষিক ও মাসিক অবসরভাতা এবং লাম্পগ্রান্ট মঞ্জুরী।**


যুব উন্নয়ন অধিদপ্তরধীন চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা উপজেলা কার্যালয়ের ক্যাশিয়ার জনাব মোহাঃ জুলফিকার আলী চাকুরিতে কর্মরত থাকা অবস্থায় ১০-০১-২০১৯খ্রিঃ তারিখে মৃত্যুবরণ করেন। মরহমের স্ত্রী মোহাঃ রুখসানা পারভীন পারিবারিক পেনশন মঞ্জুরীর আবেদন করেন। মরহমের মোট পেনশনযোগ্য চাকুরিকাল ১৫ বছর ০৬ মাস ১৫ দিন অর্থাৎ ১৬ বছর এবং তিনি বিধি মোতাবেক ৫৭% হারে পেনশন প্রাপ্য। শেষ বেতন সনদ(এলপিসি) অনুযায়ী মরহমের পূর্ণ গড় বেতনে ০১ বছর ০১ মাস ২৩ দিন ও অর্ধ গড় বেতনে ০১ বছর ০৩ মাস ১০ দিন অর্জিত ছুটি পাওনা রয়েছে এবং মৃত্যুর অব্যবহিত পূর্বের তারিখে মূল বেতন ১৭,৫২০/-টাকা। তিনি ১৭,৫২০/-টাকার ৫৭% হারে ৯,৯৮৬/৪০ টাকা অবসরভাতা প্রাপ্য। তিনি অবসরভাতা ৯,৯৮৬/৪০ টাকার ১ম অর্ধাংশ ৪,৯৯৩/২০ টাকার বিনিময় হার ২৪৫/- টাকা হিসেবে ৪,৯৯৩/২০X২৪৫=১২২,২৩,৩৩৪/-টাকা আনুতোষিক ও ২য় অর্ধাংশ ৪,৯৯৩/২০ টাকা হারে মাসিক অবসরভাতা এবং প্রাপ্য ছুটি নগদায়নপূর্বক ১৮(আঠার) মাসের মূল বেতনের সমপরিমাণ ১৭,৫২০X১৮=৩,১৫,৩৬০/-টাকা লাম্পগ্রান্ট প্রাপ্য।

২। বর্ণিত অবস্থায়, অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের ২৭-০১-২০০৯খ্রিঃ তারিখের অম/অবি/প্রবি-১/৩পি-২/২০০৫(অংশ-১)/৫ সংখ্যক স্মারকের মাধ্যমে জারিকৃত পেনশন মঞ্জুরী ও পরিশোধ বিধি ২০০৯ এর অনুচ্ছেদ-৩.০১ মোতাবেক আনুতোষিক হিসেবে ১২,২৩,৩৩৪/- (বার লক্ষ তেইশ হাজার তিনশত চৌত্রিশ) টাকা ও মাসিক অবসরভাতা হিসেবে ৪,৯৯৩/২০ (চার হাজার নয়শত তিরানব্বই টাকা/২০) টাকা এবং জাতীয় বেতনস্কেল ২০১৫ এর অনুচ্ছেদ-১০(২)(খ) অনুযায়ী লাম্পগ্রান্ট হিসেবে ৩,১৫,৩৬০/- (তিন লক্ষ পনের হাজার তিনশত ষাট) টাকাসহ সমুদয় অর্থ মোহাঃ রুখসানা পারভীন-এর অনুকূলে পরিশোধের মঞ্জুরী অনুমোদনক্রমে প্রদান করা হলো।

৩। মরহমের আনুতোষিক ও মাসিক অবসরভাতা এবং লাম্পগ্রান্ট মঞ্জুরীর জন্য নিম্নলিখিত কাগজপত্র এসঙ্গে প্রেরণ করা হলো।

নং	বিবরণ	সংখ্যা
১	পেনশন ফরম-২.২	০১(এক)কপি
২	মৃত্যু সনদ	০১(এক)কপি
৩	নমুন স্বাক্ষর ও হাতের পাঁচ আঙ্গুলের ছাপ	০১(এক)কপি
৪	উত্তরাধিকার সনদপত্র ও নন-ম্যারিজ সার্টিফিকেট	০১(এক)কপি
৫	আনুতোষিক ও অবসরভাতা উত্তোলন করার ক্ষমতা অর্পণ ও অভিবাবক মনোনয়ন-এর প্রত্যয়নপত্র	০১(এক)কপি
৬	না-দাবী প্রত্যয়নপত্র	০১(এক)কপি
৭	শেষ বেতন সনদ(এলপিসি)	০১(এক)কপি
৮	মূল চাকুরি বই	০১(এক)কপি

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক ০৮(আট) কপি।

  
(আ, ন, আহম্মদ আলী)  
যুগ্ম-সচিব  
পরিচালক(প্রশাসন ও অর্থ)  
ফোনঃ ৯৫৫০৮৬৩।

উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা  
আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৫.৪২.০৮৩.০৩-

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

১। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ৩য় ফেইজ(৫ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।

২। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, চুয়াডাঙ্গা।

৩। সহকারী পরিচালক (আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা(আদেশটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।


৪। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।

৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

৬। জনাব মোহাঃ রুখসানা পারভীন, স্বামীঃ মরহম মোহাঃ জুলফিকার আলী, কলেজ পাড়া, ডাক+উপজেলাঃ আলমডাঙ্গা, জেলাঃ চুয়াডাঙ্গা।

৭। অফিস কপি।

তারিখ:-----খ্রিঃ

  
(মোঃ শাহাদাত হোসেন)  
নিরীক্ষা ও হিসাবরক্ষণ অফিসার  
ফোনঃ ৪৭১১০৬৭২।